

সোনারগাঁয় শিক্ষক নিয়োগে অনিয়ম

সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি >
 নারায়ণগঞ্জের সোনারগাঁর
 আনন্দবাজার এলাকায় একটি উচ্চ
 মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক
 নিয়োগে দুর্নীতি ও অনিয়মের
 অভিযোগ পাওয়া গেছে।
 জানা গেছে, উপজেলার বৈদ্যেরবাজার
 হুইনিয়নের আনন্দবাজার পঞ্চবটি
 এলাকার হাজি মতিউর রহমান
 সরকার উচ্চ বিদ্যালয়ে গত ১৫
 ফেব্রুয়ারি কম্পিউটার শিক্ষক ও
 লাইব্রেরিয়ান পদে নিয়োগের জন্য
 বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। গত ২৬
 এপ্রিল পদ দুটিতে নিয়োগের জন্য
 প্রার্থীরা নিয়োগ পরীক্ষায় অংশ নেন।
 কম্পিউটার শিক্ষক পদে শিলা রানী
 নামের এক প্রার্থী সর্বোচ্চ নম্বর
 পেলেও তাঁকে বাদ দিয়ে বিদ্যালয়ের
 প্রতিষ্ঠাতা সভাপতি হাজি মতিউর
 রহমান সরকারের ছেলের বউ
 সানজিদা আক্তার মনিরাকে নিয়োগ
 দেওয়া হয়।
 এ ব্যাপারে শিলা রানী জানান,
 'আমাকে কম্পিউটার শিক্ষক পদে
 নিয়োগ দেওয়ার কথা বলে বিদ্যালয়ে
 ছয় মাস ধরে দায়িত্ব পালন করতে
 বাধ্য করা হয়। পরে আমাকে বাদ
 দিয়ে সভাপতি তাঁর পুত্রবধূকে নিয়োগ
 দিয়েছেন।'
 তিনি আরো বলেন, 'বিদ্যালয়ের
 সভাপতি মতিউর রহমান তাঁর ছেলে
 মাকসুদুর রহমানকে প্রধান শিক্ষক ও
 ছেলের -বউকে নিয়োগ দিয়ে
 প্রতিষ্ঠানটিকে ধ্বংসের দিকে ঠেলে
 দিয়েছেন।'
 বিদ্যালয় পরিচালনা কমিটির
 সভাপতি হাজি মতিউর রহমান
 সরকার জানান, শিক্ষক নিয়োগের
 ক্ষেত্রে কোনো অনিয়ম করা হয়নি।
 নিয়ম মেনেই কম্পিউটার পদে শিক্ষক
 নিয়োগ দেওয়া হয়েছে।
 উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
 আবু তালেব জানান, 'শিক্ষক
 নিয়োগের ব্যাপারে অনিয়ম প্রমাণিত
 হওয়ায় পরীক্ষা বাতিল করে পুনরায়
 পরীক্ষার মাধ্যমে নিয়োগ করা হবে।
 সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা
 (ইউএনও) আবু নাছের ভূঞা জানান,
 এ বিষয়ে লিখিত অভিযোগ পেলে
 ব্যবস্থা নেওয়া হবে।